

আবুল কালাম আজাদ - ২০ লক্ষ স্বেচ্ছাসেবক এর একজন

আনিসুর রহমানঃ নিউ সাউথ ওয়েলস স্টেটে ২০ লক্ষ স্বেচ্ছাসেবক নানা রকম সমাজ সেবামূলক কর্মকাণ্ডের সাথে জড়িত। তাদের এই অসামান্য অবদানের স্বীকৃতি স্বরূপ ২০০৭ সাল থেকে নিউ সাউথ ওয়েলসে ভলেন্টিয়ার অব দ্যা ইয়ার এওয়ার্ড প্রদান শুরু হয়। সমগ্র নিউ সাউথ ওয়েলস কে ১৯টি এলাকায় বিভক্ত করে প্রতি এলাকায় এই এওয়ার্ড প্রদান করা হয়। গত ১১ই অক্টোবর ২০১৩, সেন্টার ফর ভলেন্টিয়ারিং এর উদ্যোগে অনুষ্ঠিত হয়েছে সিডনি ইনার ওয়েস্ট এবং সিডনি মিড ওয়েস্ট এলাকার ভলেন্টিয়া অব দ্যা ইয়ার এওয়ার্ড বিতরণী অনুষ্ঠান। এবছর সিডনি ইনার ওয়েস্ট থেকে ভলেন্টিয়া অব দ্যা ইয়ার এওয়ার্ড পেয়েছেন Cecil Hills এর James Chandler এবং সিডনি মিড ওয়েস্ট থেকে John Hieronymus (Greystanes). আনন্দের বিষয় এই যে স্বেচ্ছাসেবামূলক কাজে বাংলাদেশীরাও পিছিয়ে নেই। ল্যাকেস্বা নিবাসী জনাব আবুল কালাম আজাদ এ বছর স্বেচ্ছাসেবক হিসেবে বিশেষ স্বীকৃতি লাভ করেছেন।



জনাব আবুল কালাম আজাদ সেইন্ট জর্জ পাবলিক হাসপাতালে সহকারী নার্স হিসেবে কাজ করেন। কাজের পাশাপাশি তিনি বিনা পারিশ্রমিকে গত ছয় বছর যাবত ক্যান্টেরবেরি কমিউনিটি সেন্টারে ভলেন্টিয়ার হিসেবে কাজ করে আসছেন। এখানে তিনি

সময় দেন সপ্তাহে চার ঘণ্টা। এ ছাড়াও গত দু'বছর ধরে তিনি সেইন্ট জর্জ পাবলিক হাসপাতালেও ভলেন্টিয়ার হিসেবে কাজ করেন সপ্তাহে দু'ঘণ্টা করে।

জনাব আবুল কালাম আজাদ একজন সমাজ সচেতন মানুষ। তার কর্তব্য নিষ্ঠা আমাদের কমিউনিটির বাইরে অস্ট্রেলিয়ার মূলধারায় স্বীকৃতি লাভ করেছে। এটা আমাদের সবার জন্যই আনন্দ ও প্রেরণার উৎস। বাংলা-সিডনি ডট কমের সকল পাঠক-পাঠিকাদের পক্ষ থেকে জনাব আবুল কালাম আজাদকে জানাই আন্তরিক অভিনন্দন!